সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — ( ক্লিয়ারিং সুবিধাযুক্ত )

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর ( কলিকাতা ), রায়গঞ্জ, রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট ( কলিকাতা ), গাইবান্ধা ও তুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

**পক্ষাঘাতের তৈল ঔষধ**

এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা

চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲

**দশভুজা ঔষধালয়.**

মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন

(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান ডি, এস, বোর্ড)

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৯শে চৈত্র বুধবার ১৩৫৩ ইংরাজী 2nd April. 1947 { ৪৫শ সংখ্যা

আপনার

**কম খরচার খাজাঞ্চী**

# ঢাকুরিয়া ব্যাঙ্কিং

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোন : কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম : ট্রাংকম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এস, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস ( লণ্ডন )

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৯শে চৈত্র বুধবার সন ১৩৫৩ সাল

## বস্ত্র-সঙ্কট

যুদ্ধের প্রয়োজনে যে সব দ্রব্যের উপর সরকারী নিয়ন্ত্রণের বাঁধন পড়িয়াছিল, এখন একটির পর একটি করিয়া সেই সব বাঁধন খোলার পালা পড়িয়াছে। তাই আশা করা যাইতেছে যে, বস্ত্রের নিয়ন্ত্রণ-মুক্তির আর অধিক বিলম্ব নাই। গত কয়েক বৎসর এদেশে জনসাধারণের যে বস্ত্র-সঙ্কট ভোগ করিতে হইয়াছে, তাহা বস্তুতই শোচনীয়। তাই সকলেই আশা করিতেছে, বস্ত্রের নিয়ন্ত্রণ রহিত হইলে, যে যাহার প্রয়োজনমত সংগ্রহ করিতে পারিবে। কিন্তু নিয়ন্ত্রণ রহিত হইলেই যে দেশবাসীর কাপড়ের দুঃখ ঘুচিবে, তাহা বলা যায় না। কাপড়কলের মালিকদের মনে কি আছে, তাহা কে জানে? ভারতীয় রাষ্ট্রীয় পরিষদের এক প্রশ্নের উত্তরে প্রকাশ পাইয়াছে যে, ভারত হইতে বিদেশে বস্ত্র রপ্তানীর পরিমাণ খুবই কমিয়া গিয়াছে; ভারতে উৎপন্ন কাপড়ের শতকরা মাত্র ৬ ভাগ এখন বিদেশে যায়; বাকী ৯৪ ভাগই এদেশে থাকে। যুদ্ধের জন্য যে কাপড়ের প্রয়োজন হইত, তাহাও আর হয় না। ইহাতেও মনে হয় যে, অতঃপর ভারতের বাজারে আবার পূর্ব্বের মতই কাপড়ের প্রাচুর্য্য দেখা যাইবে। কিন্তু কাপড় কলের মালিকেরা এখনও মন খুলিয়া কথা বলেন নাই। শ্রমিকদের মজুরী বৃদ্ধি, পুনঃ পুনঃ ধর্ম্মঘট হেতু উৎপাদন হ্রাস, কয়লার অভাব ইত্যাদি নানা অজুহাতের অন্তরালে থাকিয়া তাঁহারা বেশ বেসুর। আওয়াজ দিতেছেন। স্বাধীনতার দ্বারসমীপে আসিয়া ভারতবাসী এখন ভারতে উৎপন্ন বস্ত্র ব্যবহারে আগ্রহান্বিত। কলের মালিকদের মধ্যে যাঁহারা ভারতবাসী, অন্ততঃ তাঁহারাও কি তাঁহাদের স্বদেশবাসীকে স্বদেশী বস্ত্রে সাজাইবার আগ্রহ পোষণ করেন না? সরকারী নিয়ন্ত্রণ রহিত হইলে, চোরাবাজারের কারবারীরা কাঁদিয়া মাটী ভিজাইতে পারে; কিন্তু কলের মালিকদের তাহাতে কি? তাঁহারা হাসিতে হাসিতে আসিয়া জনসাধারণের সহিত মিলিত হউন, বিদেশী বস্ত্র যাহাতে এদেশে আসিতে না পারে, তাহার সহায়তা করুন।

---

## প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধি

১৯৪৬ সালের ১লা অক্টোবর হইতে বাঙলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বর্দ্ধিত হারে বেতন দিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। ইহার ফলে বাঙলা সরকারের বার্ষিক ৬৪ লক্ষ টাকা অতিরিক্ত ব্যয় হইবে। বর্দ্ধিত হারে বেতনের হার হইবে এইরূপ :—

(ক) ট্রেনিং প্রাপ্ত ম্যাট্রিক পাশ শিক্ষকগণ ২৭৲ টাকা (বর্ত্তমানে ১৭৲ টাকা)

(খ) ম্যাট্রিক পাশ কিন্তু ট্রেনিং প্রাপ্ত নহেন এবং ট্রেনিং প্রাপ্ত কিন্তু ম্যাট্রিক পাশ নহেন এইরূপ শিক্ষকগণ ১৯৲ টাকা (বর্ত্তমানে ১২৲ টাকা)

(গ) অন্যান্য শিক্ষকগণ ১৫৲ টাকা (বর্ত্তমানে ১০৲ টাকা)।

বর্ত্তমানে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ দুর্ম্মূল্য ভাতা বাবদ গভর্ণমেণ্টের নিকট হইতে ৩॥০ টাকা এবং ডিষ্ট্রীক্ট স্কুল বোর্ডের নিকট হইতে ২॥০ টাকা পাইতেছেন। এই দুর্ম্মূল্য ভাতাও তাঁহারা পাইতে থাকিবেন। কাজেই এই তিন শ্রেণীর শিক্ষকগণ যথাক্রমে মাসিক ৩২॥০ (২৭৲+৩৲+২॥০), ২৪॥০ (১৯৲+৩৲+২॥০) এবং ২০॥০ (১৫৲+৩৲+২॥০) টাকা পাইবেন। ইহা ছাড়া প্রধান শিক্ষকগণ মাসিক ২৲ টাকা অতিরিক্ত বেতন পাইবেন।

ম্যাট্রিক, ট্রেনিং প্রাপ্ত ম্যাট্রিক ও ট্রেনিং প্রাপ্ত নন্-ম্যাট্রিক ১৯৪৬ সালের ১লা অক্টোবর হইতে বর্দ্ধিত হারে বেতন পাইবেন কিন্তু ট্রেনিং বিহীন নন্‌ম্যাট্রিক শিক্ষকগণ একটি নির্দ্দিষ্ট যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর বর্দ্ধিত হারে বেতন পাইবার অধিকারী হইবেন।

বর্ত্তমান অবস্থায় গভর্ণমেণ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইহার বেশী কিছু করিতে পারিতেছেন না এবং গভর্ণমেণ্টের এই প্রচেষ্টা শিক্ষক ও জনসাধারণের মনঃপুত হইবে বলিয়া গভর্ণমেণ্ট আশা করেন।

মাননীয় প্রধান মন্ত্রী হইতে আরম্ভ করিয়া সরকারের সামান্য কেরাণীর ইলিমের গোড়া পত্তন যাঁদের হাতে তাঁরা সরকারী যে কোন আফিসের চাপরাশীর চেয়েও কম মজুরী পেয়ে যদি খুসি হতে পারেন, তবে জনসাধারণ গবর্ণমেণ্টের এই আশায় বাধা দিবে না নিশ্চয়ই।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৭ই এপ্রিল ১৯৪৭

১৯৪৭ সালের ডিক্রীজারী

১২৪ থাং ডিঃ হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় দিং দেং লক্ষ্মীনারায়ণ হালদার দিং দাবি ১৫।৵০ থানা সুতী মৌজে আলোয়ানী ৫ শতকের কাত ১/০ আঃ ৫৲ খং ৫৪২ রায়ত স্থিতিবান

১২৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩৮/৩ মৌজাদি ঐ ৫ শতকের কাত ১৲ আঃ ৫৲ খং ৫০৭ ঐ স্বত্ব

১২১ থাং ডিঃ ননীগোপাল চক্রবর্ত্তী দেং যোগীন্দ্র মুচি দিং দাবি ৩৪।৶৩ থানা সুতী মৌজে রাতুরী ১-৩৭ শতকের কাত ৪॥১৫ আঃ ২০৲ খং ৫৫০ রায়ত স্থিতিবান

১৪২ থাং ডিঃ নৃপেন্দ্রকৃষ্ণ চৌধুরী দিং দেং এনসাদ সেখ দিং দাবি ৬২।৶৯ থানা সুতী মৌজে বংশবাটী ৮-৬০ শতকের কাত ১৩৮/৯ পাই আঃ ৭০৲ খং ৫১৩

১৪৩ থাং ডিঃ ঐ দেং প্রমোদরঞ্জন দাস দাবি ২১।৩ মৌজাদি ঐ ২-৭ শতকের কাত ২৮৶১০ পাই আঃ ১৮৲ খং ৮৬৮

১৪৭ থাং ডিঃ ঐ দেং বিশু ঘোষ দিং দাবি ১৮।৯ থানা সুতী মৌজে অজগরপাড়া ও বংশবাটী ৮ ৬৮ শতকের কাত ৬৶৬ পাই আঃ ২০৲ খং ১০৮, ৬৮৫

১৪৮ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালী মৌলবী মরতুজা রেজা চৌধুরী দিং দেং শ্রীনন্দন দাস দিং দাবি ২৫৮/৩ থানা সুতী মৌজে পুড়াপাড়া ১॥০৲১৭ জমির কাত ১।৶৬ আঃ ১০৲

১৪৯ থাং ডিঃ ঐ দেং দেবেন্দ্রনাথ সরকার দিং দাবি ২২৲৯ মৌজাদি ঐ ॥০৲১৮ জমির কাত ২/৩ আঃ ১০৲

১৫০ থাং ডিঃ ঐ দেং শ্রীনন্দন দাস দাবি ৫৫॥/৬ মৌজাদি ঐ ৩/১৲১৪ জমির কাত ৪৲ আঃ ৪০৲

---

## তোমার কৃপায় ভয় না করি তোমারে



তুঁহারি হুকুম হাম,
তামিল করনে-বালা,
মুঝে দিজে সকল সুবিধা।
ভুজগ স্বভাবতঃ
বঙ্কিম গতি চলে,
বিবরে পরবেশে সিধা॥


হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।



বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,
বি-এ, কবিরত্ন।

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।


### কলিকাতা বিশ্ববিদ্যালয়

#### কন্‌ভোকেশন ও পরীক্ষা স্থগিত

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার ঘোষণা করিয়াছেন যে, কলিকাতায় ও বৃহত্তর কলিকাতায় উদ্বেগজনক পরিস্থিতির জন্য এবং বিশ্ববিদ্যালয়ের নিজের নানারূপ অসুবিধা হেতু আগামী ১২ই এপ্রিল তারিখে বার্ষিক কন্‌ভোকেশন অনুষ্ঠানের যে ব্যবস্থা হইয়াছিল, পুনরায় আদেশ না দেওয়া পর্য্যন্ত তাহা স্থগিত করা হইল।

#### স্কুলকলেজ ও পরীক্ষা বন্ধ

রেজিষ্ট্রার আরও জানাইয়াছেন যে, সহরের উপদ্রুত এলাকায় অবস্থিত স্কুল ও কলেজসমূহের কর্ত্তৃপক্ষ নিজেদের বিবেচনা অনুসারে অবস্থানুযায়ী ব্যবস্থা অবলম্বন করিয়া ঐ সকল স্কুল ও কলেজ বন্ধ রাখিতে পারিবেন। আই-এস-সি প্র্যাকৃটিক্যাল পরীক্ষা এবং এম-বি পরীক্ষা যথাক্রমে এপ্রিল ও মে মাসের শেষ পর্য্যন্ত স্থগিত রাখা হইল।

ম্যাট্রিকুলেশন, বি-এ, বি-এস-সি, বি-কম এবং বি-টি পরীক্ষাসমূহ পুনরায় আদেশ না দেওয়া পর্য্যন্ত স্থগিত করা হইল। ঐ সকল পরীক্ষা আরম্ভের সঠিক তারিখ যথাসময়ে সংবাদপত্রের মারফতে ঘোষণা করা হইবে।

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK-POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।


ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত




দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ)।